

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 13-11-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, মানুষের জীবিকা নির্বাহের ক্ষেত্রগুলিকে চিহ্নিত করে তার বিকাশে রাজ্য সরকার কাজ করছে।
- (২) জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেৱৰ্মা রাজ্যের সমস্ত একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল ও আশ্রম স্কুল এবং ছাত্রাবাসে শৃঙ্খলা বজায় রাখার উপর গুরুত্ব আবোধ করেছেন।
- (৩) ওবিসি কল্যাণ মন্ত্রী শান্তনা চাকমা আজ নতুন দিল্লীতে ওবিসি কল্যাণ দপ্তরের কেন্দ্রীয় সচিবের সঙ্গে বৈঠক করেছেন।
- (৪) বিহার বিধানসভা নির্বাচনের ভোট গণনা আগামী কাল।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, মানুষের জীবিকা নির্বাহের ক্ষেত্রগুলিকে চিহ্নিত করে তার বিকাশে রাজ্য সরকার কাজ করছে। আজ ধলাই জেলার কমলপুরে হরচন্দ্র দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের পাকা বাড়ি নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং ভাটুয়ালভাবে জেলার ২২টি প্রকল্পের পরিকাঠামোগত উন্নয়নের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের যে সংকল্প নিয়েছেন সেই সংকল্পকে সামনে রেখে ত্রিপুরাও এগিয়ে চলেছে।

মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা এখন উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে জি.এস.ডি.পি. এবং মাথাপিছু আয়ের ক্ষেত্রে দ্বিতীয় স্থানে রয়েছে। সম্প্রতি জীতি আয়োগ ত্রিপুরাকে ক্রন্ট রানার রাজ্য হিসেবে ঘোষণা করেছে। তিনি বলেন, কাজের গতি আনতে ত্রিস্তরীয় পঞ্চায়েত থেকে ক্যাবিনেট পর্যন্ত ই-

অফিস চালু করা হয়েছে। এতে জনগণের সুবিধা হচ্ছে। রাজ্য সরকারের লক্ষ্য ত্রিপুরায় ১ লক্ষ ১৪ হাজার লাখপতি দিদি তৈরি করা।

মুখ্যমন্ত্রী বলেন, ধলাই জেলায় একটি সরকারি মেডিক্যাল কলেজ গড়ে তোলার প্রয়াস নেওয়া হয়েছে। রাজ্যের মেডিক্যাল কলেজগুলিতে রোগীদের শয়ার সংখ্যা বাড়ানো হয়েছে। রাজ্যের মেডিক্যাল কলেজগুলিতে ছাত্রছাত্রীদের মেডিক্যাল কোর্সে পড়ার আসনও বৃদ্ধি করা হয়েছে। বিভিন্ন জটিল রোগের চিকিৎসা এখন রাজ্যেই হচ্ছে। বহিরাজ্যে রোগীর রেফারেন সংখ্যা আগের চেয়ে অনেক হ্রাস পেয়েছে। শিশু মৃত্যুর হারও অনেক কমেছে।

তিনি আরো বলেন, একটা সময় রাজ্যের ছেলেমেয়েদের পড়াশুনার জন্য ত্রিপুরার বাইরে যেতে হতো। তাদের উচ্চশিক্ষার জন্য এখন রাজ্যেই অনেক সুবিধা রয়েছে। আগরতলা, উদয়পুর এবং ধর্মনগরকে স্যাটেলাইট টাউন হিসেবে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক মনোজ কান্তি দেব, ধলাই জেলার জেলাশাসক বিবেক এইচ. বি.।

উল্লেখ্য, হরচন্দ্র দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণে ব্যয় ধরা হয়েছে ১৪ কোটি ৭৪ লক্ষ টাকা। এছাড়া ধলাই জেলার বিভিন্ন এলাকায় যে ২২টি প্রকল্পের উদ্বোধন করা হয়েছে সেগুলি নির্মাণে ব্যয় হয়েছে ১০২ কোটি ৬৯ লক্ষ টাকা।

মুখ্যমন্ত্রী আজ ধলাই জেলায় শান্তিরবাজার বাজারও পরিদর্শন করেন এবং গত মাসে সেখানে একটি হিংসাত্মক ঘটনায় ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেন।

\* \* \* \* \*

### **Meeting-Bikash Debarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেৱৰ্মাৰ পৌরোহিত্যে আজ সচিবালয়ে রাজ্যের সমস্ত একলব্য মডেল ৱেসিডেন্সিয়াল স্কুল ও আশ্রম স্কুলের প্রিন্সিপাল এবং ওয়ার্ডেনদের নিয়ে একটি বৈঠক হয়। বৈঠকে মন্ত্রী শ্রী দেৱৰ্মা প্রতিটি আবাসিক প্রতিষ্ঠানে শৃঙ্খলা, ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা ও নৈতিকতার প্রতি বিশেষ নজর রাখতে প্রিন্সিপাল ও ওয়ার্ডেনদের নির্দেশ দিয়েছেন। তিনি

জানান, আগামী এক মাস পর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলি পরিদর্শন করবেন।

\* \* \* \* \*

### **Minister Santana Chakma :**

ওবিসি কল্যাণ মন্ত্রী শান্তনা চাকমা আজ নতুন দিল্লীর শান্ত্রীভবনে সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রণালয়ের অধীনে ওবিসি কল্যাণ দপ্তরের কেন্দ্রীয় সচিবের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকে মন্ত্রী শ্রীমতি চাকমা রাজে উচ্চশিক্ষা গ্রহণকারী ওবিসি শিক্ষার্থীদের জন্য পোস্ট-ম্যাট্রিক এবং প্রি-ম্যাট্রিক স্কলারশিপে আর্থিক সহায়তার পরিমাণ বৃদ্ধির জন্য অনুরোধ জানিয়েছেন।

\* \* \* \* \*

### **Fisheries Department Review Meeting :**

মৎস্য মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, মৎস্য উৎপাদনে রাজ্যকে স্বয়ং সম্পূর্ণ করতে রাজ্য সরকার প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ গ্রহণ করেছে। এই লক্ষ্যে রাজ্যের বিভিন্ন স্থানে বিজ্ঞান সম্মত উপায়ে মাছ চাষে গুরুত্ব দেওয়া হয়েছে। আজ আগরতলায় গুরুত্বপূর্ণ মৎস্য অধিকর্তার কার্যালয়ে দপ্তরের আধিকারিকদের নিয়ে এক পর্যালোচনা বৈঠক শেষে তিনি একথা জানান। তিনি জানান, প্রতি তিনি মাস অন্তর এই পর্যালোচনা বৈঠকে অনুষ্ঠিত হবে।

\* \* \* \* \*

### **Package Story-School Level Bal Vaigyanik :**

শিশুদের উত্তাবনী ভাবনার বিকাশে রাজধানীর উমাকান্ত একাডেমী ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে আজ থেকে দুদিনের বিদ্যালয়স্তরে বাল বৈজ্ঞানিক প্রদর্শনী শুরু হয়েছে। এতে বিদ্যালয়ের পড়ুয়াদের তৈরী করা ৪৫টি মডেল তুলে ধরা হয়েছে। এনিয়ে একটি প্রতিবেদন।

# # # # # VC # # # # #

\* \* \* \* \*

### **Kishor Barman-Sonamura :**

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন আজ সিপাহীজলা জেলার সোনামুড়র পি.এম শ্রী নবদ্বীপ চন্দ্র ইনসিটিউশনের ৭ দিন ব্যাপী এন.এস.এসের বিশেষ শিবিরের উদ্বোধন করেন। এই উপলক্ষ্যে আয়োজিত রাত্তদান শিবিরে মোট ২৪ জন স্বেচ্ছায় রাত্তদান করেন। উপস্থিতি ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন শাহজান মিয়া।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **Bihar Counting :**

বিহার বিধানসভা নির্বাচনের ভোট গণনা আগামীকাল। গণনা সকাল ৮টা থেকে অনুষ্ঠিত হবে। ৩৮টি জেলার ৪৬টি গণনা কেন্দ্রে ভোট গণনা করা হবে। ভোটগ্রহণে ব্যবহৃত ইভিএম এবং ভিভিপ্যাটওলি তিন স্তরের নিরাপত্তা ব্যবস্থার অধীনে স্ট্রং রুমের ভিতরে সিল করে রাখা হয়েছে। স্ট্রং রুমে অভ্যন্তরীণ নিরাপত্তা কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী দ্বারা পরিচালিত হচ্ছে এবং রাজ্য পুলিশকে বাইরের নিরাপত্তা বজায় রাখার জন্য মোতায়েন করা

হয়েছে। এছাড়াও, সিসিটিভি নজরদারি এবং অন্যান্য সুরক্ষা ব্যবস্থাও করা হয়েছে।

\* \* \* \* \*

### **PM-Coimbatore :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই মাসের ১৯ তারিখে তামিলনাড়ুর কোয়েস্টারুর সফরে যাবেন। তিনি তামিলনাড়ুর কৃষক সংগঠন আয়োজিত দক্ষিণ ভারত প্রাকৃতিক কৃষি সম্মেলনে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রী দক্ষিণাঞ্চলীয় রাজ্যগুলির জৈব কৃষিতে বিশেষজ্ঞ ৫০ জন বিজ্ঞানীর সঙ্গে মতবিনিময় করবেন। এই শীর্ষ সম্মেলনে ব্যাপকভিত্তিক প্রাকৃতিক কৃষিকাজের জন্য নীতিমালা প্রণয়ন করা হবে। আয়োজক কমিটির সমন্বয়কারী পি আর পান্ডিয়ান বলেন যে এটি সচেতনতা বৃদ্ধি করবে এবং প্রাকৃতিক ও আধুনিক কৃষিকাজ পদ্ধতি গ্রহণকে উৎসাহিত করবে। তিনি আরও বলেন, এই শীর্ষ সম্মেলনটি অর্থনৈতিকভাবে সুস্থায়ী এবং সামাজিকভাবে অন্তর্ভুক্ত কৃষিকে এগিয়ে নেওয়ার জন্য একটি জনমুখী আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে পরিকল্পনা করা হয়েছে।

\* \* \* \* \*

### **CAU-IMPHAL-REGIONAL Agri Fair :**

ইন্ফ্রার কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে মেঘালয়ের রিভোই জেলার কিরদেমকুলাইতে কলেজ অফ এগ্রিকালচারে তিনদিনের আঞ্চলিক কৃষি মেলা আগামী ১৭ই নভেম্বর থেকে শুরু হবে। তা চলবে ১৯শে নভেম্বর পর্যন্ত। কৃষি বিপ্লবের মাধ্যমে শেষ প্রান্তে পৌঁছা এই ভাবনার উপর আয়োজিত এই মেলায় উত্তর-পূর্বাঞ্চলের কৃষিজীবী থেকে পড়ুয়া, স্বউদ্যোগী থেকে বিজ্ঞানী বা কৃষি উন্নয়ন সংস্থাকে এক জায়গায় নিয়ে আসতে আঞ্চলিক পর্যায়ে এই মেলার আয়োজন। একইসঙ্গে জ্ঞান বিনিময়, প্রযুক্তি সম্প্রসারণ এবং কৃষিজীবীদের ক্ষমতায়নের মাধ্যমে উত্তর-পূর্ব ভারতের পাহাড়ি অঞ্চলে অন্তর্ভুক্তিমূলক কৃষি ক্রপান্তরণের পাশাপাশি কৃষি ব্যবস্থায় সুস্থিতি নিশ্চিত

করতে এই মেলা বিশেষ ভূমিকা নিতে পারে বলে কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়  
কর্তৃপক্ষ আশা ব্যক্ত করছেন।

# ##### Byte #####

\*\*\*\*\*

### **Journalist Expired :**

কৈলাশহরের বিশিষ্ট সাংবাদিক বিদ্যুৎ বৈদ্য স্বল্পকালীন রোগভোগের পর  
আজ সকালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে বয়স হয়েছিল ৫৮  
বছর। তিনি স্থানীয় একটি বৈদ্যুতিন সংবাদ মাধ্যমের কর্ণধার ছিলেন।  
ত্রিপুরা জার্নালিস্টস ইউনিয়ন এর উনকোটি জেলা কমিটি - সাংবাদিক  
বিদ্যুৎ বৈদ্যের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে।

\*\*\*\*\*

### **Unity Promo Fest :**

আগামী ১৫ই নভেম্বর থেকে দক্ষিণ জেলার বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর  
কলেজ মাঠে শুরু হচ্ছে দুইদিনের ইউনিটি প্রমো ফেস্ট। উদ্বোধন করবেন  
রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু। আগামী ১৬ই নভেম্বর সন্ধিয়ায় ইউনিটি  
প্রমো ফেস্টে সঙ্গীত পরিবেশন করবেন প্রথ্যাত গায়িকা পলক মুচ্ছল। পর্যটন  
মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে  
সাংবাদিক সম্মেলনে এথবর জানান।

\*\*\*\*\*

### **Women's Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া লিগ ফুটবল  
প্রতিযোগিতা আজ তৃতীয় রাউন্ডের দুটি খেলা হয়। উমাকান্ত মিনি  
স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় বিশ্বামগঞ্জ প্লে সেন্টার ১১-০ গোলে মান্দাইয়ের  
ডনবট্টো স্কুলকে পরাজিত করে। অপরদিকে ফুলোৰানু এথলেটিক্স ক্লাব ও  
জম্পুইজলা প্লে সেন্টারের খেলাটি ১-১ ড্র হয়।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাঞ্চল থাকবে। সকালে হালকা থেকে  
মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ  
তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াসের  
কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি  
সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*